উত্তমচর্চা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যমআয়ের দেশে পরিণত করার যে রূপরেখা প্রণয়ন করেছে, তার ধারাবাহিকতায় প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক দৈনন্দিন/রুটিন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে অনুসরণকৃত উল্লেখযোগ্য উত্তমচর্চা নিম্নরূপ:

প্রতিরক্ষা মন্ত্রণালয়:

ক) জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ:

বিধি-বিধান সম্পর্কিত:	১। সুষ্ঠুভাবে কর্ম সম্পাদনের লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা সম্পর্কে জানার গুরুত্ব অপরিসীম। এ উদ্দেশ্যে সচিবালয় নির্দেশমালার বিশেষ বিশেষ অংশের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ কর্মসূচি অব্যাহতভাবে চালু রয়েছে। এ প্রশিক্ষণে মন্ত্রণালয়ের ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করেন।	
	২। নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের চাকুরির শুরুতে আইন, বিধি-বিধান, নিয়ম ও আচার-আচরণ সর্ম্পকে ধারণা প্রদান ও সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।	
	৩। বাংলা ভাষার সঠিক ব্যবহার ও শুদ্ধ বানানরীতি প্রয়োগের উপর অব্যাহতভাবে গুরুত্বারোপসহ সময়ে সময়ে এ বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়।	
আইসিটি সম্পর্কিত	১। কর্মকর্তা ও কর্মচারীদের আইসিটি বিষয়ে জ্ঞান ও দক্ষতা অর্জনের লক্ষ্যে এ বিষয়ে বিভিন্ন ধরনের অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।	
ই-গভনের্ন্স সম্পর্কিত	১। ইন্টারনেট, ওয়েববাউজিং, file sharing, LAN-এর ব্যবহার, মাইক্রোসফট আউটলুকসহ বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।	

খ) কর্মসম্পাদন

অনিষ্পন্ন বিষয়ক সভা	১। অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির জন্য একাধিকবার চিঠিপত্র আদান-প্রদানের মাধ্যমে কালক্ষেপণ না করে মন্ত্রণালয়ের অধীন দপ্তর ও সংস্থার ফোকাল পয়েন্টগণের সঙ্গে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার মধ্যে নিয়মিত মাসিক সভার প্রচলন করা হয়েছে। সভায় দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।	
আইসিটি-এর ব্যাপক ব্যবহার	১। দ্রুত ও সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের লক্ষ্যে মন্ত্রণালয়ের প্রত্যেক কর্মকর্তাকে ও শাখায় একটি করে কম্পিউটার প্রদান করা হয়েছে।	
	২। এক শাখা থেকে অন্য শাখায় তথ্য আদান-প্রদানের জন্য সকল পিসিকে LAN-এর আওতায় আনার মধ্য দিয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে।	
	৩। দ্রুত ইন্টারনেট সেবার জন্য ৫ মে বিট/সে: গতি ক্ষমতাসম্পন্ন সংযোগের মাধ্যমে ইন্টারনেট সার্ভিস চালু করা হয়েছে।	
	৪। মাইক্রোসফট আউটলুক ব্যবহার করে তথ্য আদান-প্রদানের ব্যবস্থা করা হয়েছে।	
শূন্যপদ পূরণ:	মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রম আরও স্বচ্ছ ও গতিশীল করার লক্ষ্যে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল শূন্যপদ অবিলম্বে পূরণের ব্যবস্থা করা হয়েছে।	

নৌ সদর:

ক। **তথ্য প্রযুক্তির ব্যবহার এবং অফিস অটোমেশন:**

পে অটোমেশন:	নৌ বাহিনীর সকল অফিসার ও নাবিকদের বেতন ভাতা প্রদানের ক্ষেত্রে পে অটোমেশন পদ্ধতি প্রবর্তন করা হয়েছে।	
ভিডিও কনফারেন্স:	তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যম ভিডিও কনফারেন্সের সাহায্যে সময়ের অপচয় রোধ এবং গুরুত্বপূর্ণ ও জরুরি বিষয়সমূহ দ্রুততার সঙ্গে সম্পন্ন করা সম্ভবপর হচ্ছে। বিদেশে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত নৌ সদস্যগণ ভিডিও কনফারেন্সের মাধ্যম নৌসদরসহ অন্যান্য দপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্য সম্পাদন করছেন।	
ডিজিটাল নথি সংরক্ষণ:	নথি-পত্রাদি সঠিকভাবে সংরক্ষণের জন্য ডিজিটাল ফাইল নম্বর প্রণয়ন করা হয়েছে। এর ফলে নথিসমূহ সংরক্ষণ সহজতর হয়েছে।	

খ। **আধুনিক যোগাযাগ প্রযুক্তির ব্যবহার:**

নেটওয়ার্কিং:	সকল জাহাজ, ঘাঁটি এবং আবাসিক ভবনসমূহকে ইন্টারনেট ব্রডব্যান্ড সুবিধা প্রদান করা হয়েছে।	
Mobile Communication:	বাংলাদশ নৌবাহিনী তথা সশস্ত্র বাহিনীর যোগাযোগের ক্ষেত্রে Business Solution Package-এর মাধ্যমে সাশ্রয়ী এবং দ্রুততগতিতে যোগাযোগ করা সম্ভব হচ্ছে। এছাড়া কোন গুরুত্বপূর্ণ সংবাদ Group SMS-এর মাধ্যমে স্বল্প ব্যয়ে সকলকে জানানো সম্ভব হচ্ছে।	
SATCOM Terminal-এর ব্যবহার:	SATCOM Terminal ব্যবহার করে জাতিসংঘে নিয়োজিত জাহাজসমূহের সঙ্গে সহজেই (E-mail) যোগাযোগ করা সম্ভব হচ্ছে।	
Bangladesh Navy Mail Encryption (BNME) Software-এর ব্যবহার:	BNME Software-এর মাধ্যমে বর্তমানে বার্তা আদান-প্রদান হচ্ছে বিধায় ফ্যাক্স মেশিনের উপর চাপ হ্রাস পেয়েছে। এই Software-এর মাধ্যমে দেশ-বিদেশে অত্যন্ত দ্রুতগতিতে বার্তা আদান-প্রদান করা সম্ভব হচ্ছে।	

গ। **দুর্যোগ ব্যবস্থাপনা:**

Response Cell:	ঘুর্ণিঝড়, বন্যা, ভবনধ্বস, অগ্নিকান্ড, লঞ্চডুবি ইত্যাদি জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য নৌবাহিনী ঢাকা, চট্রগ্রাম ও খুলনাতে সার্বক্ষণিক ৩ টি Response Cell চালু রয়েছে।	

বিমানসদর:

প্রতি বছর একটি নির্দিষ্ট সময়ে কেন্দ্রীয়ভাবে প্রধান পরিদর্শকের তত্বাবধানে পরিদর্শন ও মূল্যায়নেরভিত্তিতে বিমান বাহিনীর কর্মদক্ষতা ও যাবতীয় কর্মকান্ডের স্বচ্ছতা নিশ্চিত করা হয়।

স্পারসো:

- দূর অনুধাবন প্রযুক্তি ব্যবহার করে দেশে বন্যা, নদী ভাঙ্গন, জলাবদ্ধতা ইত্যাদি বিষয়ে নিয়মিত পর্যবেক্ষণ পরিচালনা করা হয়।
- দুর্যোগের সময় দুর্যোগের প্রকৃতি ও ব্যপকতা সম্বন্ধে মানচিত্র ও পরিসংখ্যানগত তথ্য সরবরাহ করা হয়।

ডিজিএফআই:

- সংস্থায় কর্মরত সদস্যের মধ্যে যে সকল সদস্য ভাল কাজ করে (পেশাগত) তাঁদের অথবা কোর্সে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হয়। সৃজনশীল চিন্তাপ্রসূত কর্মকান্ড সম্পাদনে উৎসাহ দেয়া হয়।
- কর্মরত কোন সদস্য হাসপাতালে ভর্তি হলে সব ধরনের সহযোগিতা প্রদান করা হয় এবং নবজাত শিশু জন্মগ্রহণ করলে বিভিন্ন প্রকার উপহার সামগ্রী প্রদান করা হয়।

সিজিডিএফ

- পেনশন হট লাইন চালু করা হয়েছে। এর মাধ্যমে সরাসরি পেনশনারদের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হচ্ছে এবং কোন সমস্যা উদ্ভূত হলে তা দ্রুততম সময়ে সমাধানপূর্বক সেবা প্রদান সম্ভব হচ্ছে।
- সৃজনশীল কর্মসূচীর আওতায় মুক্তিযুদ্ধভিত্তিক স্মরণিকা প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশ সমরাস্ত্র কারখানা:

- বাংলাদেশ সমরাস্ত্র কবারখানায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ পরিচয়পত্র মেশিনে পাঞ্চ করে নির্ধারিত সময়ের পূর্বেই কারখানার অভ্যন্তরে প্রবেশ করেন এবং অফিস সময়ের পর প্রস্থান করতে হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রেষণার কারণে সমরাস্ত্র কারখানার সকল কর্মকর্তা/কর্মচারীর মধ্যে সময়ানুবর্তিতার মত একটি উত্তম গুণের অনুশীলন সম্ভব হয়েছে।

ন্যাশনাল ডিফেন্স কলেজ:

- প্রশিক্ষণার্থীদের সর্বোত্তম সেবা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাদের সমন্বয়ে নিয়মিত মুক্ত আলোচনার ব্যবস্থা করা হয়।

আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ:

- আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের বিভিন্ন বিভাগ সমূহের ক্লাশরুম digitalize করা হয়েছে। Computer ও Multimedia সহ বিভিন্ন আধুনিক শিক্ষা উপকরণ সংযোজন করা হয়েছে।
- লেকচার গ্যালারী সমূহে Roof mounted Multimedia সংযোজন করা হয়েছে।

মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি:

- এস.এম.এস-এর মাধ্যমে দাপ্তরিক নির্দেশনা/নোটিশ প্রদান।
- মানবসৃষ্ট ত্রুটি এড়ানোর জন্য অটো রেজাল্ট টেবুলেশন (Auto Result Tebulation) প্রক্রিয়া অনুসরণ।

নিয়মিত প্রেষণা (Motivation) আচরণ বিধির উপর (Code of Conduct) বিশেষণ ভিত্তিক আলোচনা এবং বাস্তব ভিত্তিক উদাহরণ (Setting Example) প্রদানপূর্বক ছাত্র-ছাত্রীদের শৃংখলা পরায়ন ও মানবিক গুনাবলীর অধিকারী হওয়ার জন্য উদ্বুদ্ধ করা হয়। সুনাগরিক হিসেবে গড়ে তোলার ও নেতৃত্বের গুনাবলী অর্জনের শিক্ষা দান করা হয়।

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর:

- প্রতিবছর আর্তমানবতার সেবায় অবদান রাখার জন্য ক্যাডেটদের রক্তদান কর্মসূচীতে অংশগ্রহণে উদ্বুদ্ধ করা হয়। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করার জন্য ক্যাডেটদের সক্রিয়ভাবে অংশ গ্রহণের ব্যবস্থা করা হয়।

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড:

- নির্ধারিত অফিস সময়ের পরে কোন প্রয়োজনে কেউ আগমন করলে কর্তব্যরত করণিক (ছুটির দিনসহ) এর মাধ্যমে তাঁদেরকে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়ে থাকে।

প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়:

অর্থ বছরের শুরুতে বিভিন্ন কার্যালয়/সংস্থার চাহিদাপত্রের আলোকে প্রণীত সমন্বিত বাৎসরিক চাহিদাপত্র বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিসের মাধ্যমে গভঃ প্রেস কর্তৃক মুদ্রণ ও সরবরাহের ব্যবস্থা করা হয়।